



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/২৩৩১৮১১৯৫৩৭১/ 902 /বগুড়া-৫৯

তারিখ: ২১.১১.২০১৯খ্রি.

## বিষয়:- কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে


সূত্র :

- ১) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/২৩৩১৮১১৯৫৩৭১/৬০৯/নথি নং-৫৯; তারিখ: ০৯/১০/২০১৮ খ্রি.
- ২) উপজেলা নির্বাহী অফিসার স্মারক নং- ০৫.৫০.১০৪০.০০০.০৮.০০৪.১৯-৯৩৪; তারিখ : ১৮/০৯/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে বগুড়া জেলার গাবতলী উপজেলাধীন তল্লাতলা দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচনের ক্ষেত্রে অনিয়মের বিরুদ্ধে জনাব মো: মতিয়ার রহমান (বাবলা) অভিযোগ করেন। অভিযোগের প্রেক্ষিতে সরেজমিনে তদন্ত করে মতামতসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য সূত্রোক্ত ১ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, গাবতলী, বগুড়াকে পত্র দেওয়া হয়। উপজেলা নির্বাহী অফিসার সরেজমিনে তদন্ত করে সূত্রোক্ত ২ নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেছেন। তাতে দেখা যায় মাননীয় সংসদ সদস্যের সুপারিশ কপিতে স্বাক্ষরের সাথে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে সংরক্ষিত মাননীয় সংসদ সদস্যের অন্যান্য স্বাক্ষর এর সাথে কিছুটা পার্থক্য পরিলক্ষিত হয় মর্মে প্রতিবেদনে উল্লেখ করেছেন।

বর্ণিত অবস্থায় অভিযোগকারীর অভিযোগের বিষয়টি তদন্তকারী কর্মকর্তার তদন্তে প্রমাণিত হওয়ায় তার বিরুদ্ধে বিধি মোতাবেক কেন বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব পত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



(মোঃ সিদ্দিকুর রহমান)  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন: ৯৬১২৮৫৮

সুপার  
তল্লাতলা দাখিল মাদ্রাসা,  
কলাকোপা, গাবতলী, বগুড়া



নং-বামাশিবো/প্রশা/২৩৩১৮১১৯৫৩৭১/ 902 /বগুড়া-৫৯

তারিখ: ২১.১১.২০১৯খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, বগুড়া;
২. জেলা শিক্ষা অফিসার, বগুড়া;
৩. উপজেলা নির্বাহী অফিসার গাবতলী, বগুড়া;
৪. সভাপতি, তল্লাতলা দাখিল মাদ্রাসা, কলাকোপা, গাবতলী, বগুড়া;
৫. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য);
৬. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪